বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২৪৭ তারিখঃ ২৬ বৈশাখ, ১৪২৮ বঙ্গাব্দ
০৯ মে, ২০২১ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

৭৭৩ তম কমিশন সভা অদ্য ০৯/০৫/২০২১ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ

০১. কমিশন অদ্যকার সভায়, South Bangla Agriculture & Commerce Bank Limited এর প্রতিটি ১০ টাকা ইস্যু মূল্যের ১০ কোটি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার প্রস্তাব অনুমোদন প্রদান করেছে। এই IPO এর মাধ্যমে কোম্পানিটি ১০০ (একশত) কোটি টাকা পুঁজি উত্তোলন করে সরকারি সিকিউরিটিজ ক্রয় এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানিটির ৩০শে সেপ্টেম্বর, ২০২০ তারিখে সমাপ্ত অর্থ বছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী পুনঃমূল্যায়ন ছাড়া নেট এ্যাসেটভ্যালু (NAV without revaluation) টাকা ১৩.১৮ (কোম্পানিটি কোন সম্পদ পুনঃমূল্যায়ন করেনি) ও শেয়ার প্রতি আয় ০.৯৪ টাকা এবং বিগত ০৫(পাঁচ) বছরের ভারিত গড় হারে শেয়ার প্রতি আয় (Weighted average EPS) ১.২৪ টাকা। এছাড়াও স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্তির পূর্বে ব্যাংকটি কোন প্রকার লভ্যাংশ ঘোষণা, অনুমোদন বা বিতরণ করতে পারবে না মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। কোম্পানিটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে ICB Capital Management Limited.

০২. কমিশন অদ্যকার সভায়, কবির সিকিউরিটিজ লিমিটেড (সিএসই ট্রেক-৫৬)-কে চট্টগ্রামের নাজিরহাট ও খাতুনগঞ্জে ০২ (দুই) টি ডিজিটাল বুথ এবং বি রিচ লিমিটেড (সি এসই ট্রেক-২৭) কে সিলেট শহরের উত্তর ধূপার দিঘীর পার এলাকায় একটি ডিজিটাল বুথ খোলার অনুমোদন প্রদান করেছে।

09-05-2021
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র

"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"